

“আজি হেমন্তের শাস্তি ব্যাপ্ত চরাচরে
জনশূন্য ক্ষেত্রমাবে দীপ্ত দ্বিপ্রহরে
শব্দহীন গতিহীন স্তব্ধতা উদার
রয়েছে পড়িয়া শ্রান্ত দিগন্তপ্রসার
স্বর্ণ শ্যাম ডানা মেলি।”
(রবীন্দ্রনাথ ঠাকুর)

আগামী ২৫শে ডিসেম্বর, ২০২১
দিল্লী ও পার্শ্ববর্তী অঞ্চলের
বাঙালিদের নিয়ে বেঙ্গল
অ্যাসোসিয়েশন, দিল্লীর বিশেষ
অনুষ্ঠান।

‘সেরা বাঙালি সম্মান’

সুধীজন স্বাগত

Posted on 8th & 9th November, 2021 from New Delhi PSO
Date of Publishing 6th November, 2021

Total pages 7

RNINO - DELBEN/2001/2869
POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20

অ্যাসোসিয়েশন সংবাদ-২৪৫

ASSOCIATION SAMBAD

November - 2021 Volume 22 No.4

Price Rupee One

বেঙ্গল
অ্যাসোসিয়েশন

If undelivered please return to
Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

সম্পাদকের ডেস্ক থেকে

বাঙালির বারো মাসে তেরো পার্বণ। তার মধ্যে এই আশ্বিন ও কার্তিক মাস (সেপ্টেম্বর-অক্টোবর) হলো সব থেকে জনপ্রিয় উৎসবের মাস। শারদোৎসবের শেষে দীপাবলির অবিরল রংবেরঙের আলোর উজ্জ্বলতায় সারা দিল্লী সেজে উঠেছে। দীর্ঘ দুই বছরের পর অসুস্থ পৃথিবী আবার আলোয় আলোয় রঙিন।

বেশ কয়েক বছর ধরে দেখা যাচ্ছিল দিল্লীতে দীপাবলির সময় শব্দদূষণ আগের থেকে তুলনামূলক ভাবে অনেক কম। শব্দ বাজির পরিবর্তে আতশ বাজির ব্যবহার বেড়েছিল। কিন্তু এ বছর সেই দূষণের মাত্রা আবার তীব্র আকারে দেখা দিয়েছে। এই বিষয়ে সরকারের বিভিন্ন পদক্ষেপ নেওয়া প্রয়োজন। আমাদেরও সচেতন হতে হবে।

এই মুহূর্তে আমাদের জীবনের অঙ্গ হয়ে গেছে এই করোনার জুজু। যদি ও আগের মত সংক্রমণের তীব্রতা নেই, সীমাহীন অঙ্গতায় মানুষের মৃত্যু মিছিল নেই, তবুও দুনয়নে ভয় আছে মনে সংশয় আছে। দৈনন্দিন কাজকর্ম করে চলেছি সবাই, কিন্তু কোথায় যেন একটা বাধা একটা ভয় কাজ করছে। এখনও আমরা প্রাণ খুলে আনন্দ করতে ভয় পাচ্ছি। এখনও অনেক বিধিনিষেধ আমাদের জীবনের স্বতঃস্ফূর্ত তাকে বাধা দিচ্ছে।

এই সব অসুবিধার মধ্যেও আমরা নিতান্ত ঘরোয়াভাবে বিজয়া সম্মেলিনী পালন করেছি। এই উৎসবে অংশগ্রহণকারী শিল্পী এবং উপস্থিত দর্শককে জানাই আন্তরিক অভিনন্দন।

আপনাদের সকলের সাহায্য এবং সহযোগিতায় এই বছরের দিগঙ্গন উৎসব সংখ্যা নির্ধারিত দিনে প্রকাশ করা সম্ভব হয়েছে। এজন্য আপনাদের সকলকে ধন্যবাদ।

অ্যাসোসিয়েশন সংবাদ

গত ৩০শে অক্টোবর, ২০২১ বেঙ্গল অ্যাসোসিয়েশন, একটি ঘরোয়া

অনুষ্ঠানের মধ্যে দিয়ে বিজয়া সম্মেলনীর আয়োজন করেছিল। উপস্থিত সকল শুভানুধ্যায়ী দর্শক এবং শিল্পীদের জানাই অভিনন্দন ও শুভেচ্ছা।

আগামী ২৫শে ডিসেম্বর, ২০২১ এই প্রথম বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আয়োজিত হতে চলেছে দিল্লি ও তার পার্শ্ববর্তী অঞ্চলের কৃতি বাঙালি সমন্বয়ে “সেরা বাঙালি সম্মান” অনুষ্ঠান। আমাদের আগাম শুভেচ্ছা।

দীপাবলী নিয়ে এসেছে এক আলোকময় বার্তা। বাঙালি হিসাবে আজ আমরা গর্বিত। আমাদের দিল্লীর বেঙ্গল অ্যাসোসিয়েশন তথা সমস্ত বাঙালির কাছে আজ এই সংবাদটি অত্যন্ত গর্বের।

ইন্দোফ্রেন্ড আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সেরা স্বল্প দৈর্ঘ্যের ছবির সম্মান জিতে নিল ভারতীয় ছবি ‘দ্য এন্ড’। ছবিটির নির্মাতা বেঙ্গল অ্যাসোসিয়েশনের যুগ্ম সম্পাদক (তথ্য ও সম্প্রচার) রাহুল মুখার্জি ও মানস নন্দ। ইতিমধ্যে বেশ কয়েকটি স্বল্প দৈর্ঘ্যের ছবি তাদের সাফল্য এনে দিয়েছে।

এ ছবিতে যারা অভিনয় করেছেন এবং অন্যান্যভাবে যুক্ত রয়েছেন তারা সবাই বাঙালি এবং অভিনেতারা অ্যাসোসিয়েশনের আজীবন সদস্য। তাই আমাদের পক্ষ থেকে এই জয়যাত্রার অভিনন্দন রইল। বিগত সময়ে আমরা আমাদের বহু সদস্যকে হারিয়েছি, অনেক পরিবার বিয়োগব্যথায় ভরাক্রান্ত। তবু আমাদের এগিয়ে চলতে হবে। কামনা করি সব অবসাদ, বিষাদ কাটিয়ে শুভ দীপাবলীর আলো জ্বলে উঠুক প্রতিটি ঘরে। আমাদের শুভেচ্ছা ও অভিনন্দন।

মুক্তধারা পুস্তক বিপনী

বঙ্গ সংস্কৃতি ভবন

গোলমার্কেট, ১৮-১৯ ভাই বীর সিং মার্গ

নিউ দিল্লি-১১০০০১

বেঙ্গল অ্যাসোসিয়েশন পরিচালিত মুক্তধারা পুস্তক বিপনী অনেক নতুন বাংলা বই-এর সম্ভারে সেজে উঠেছে। দিল্লিতে বসে যারা নতুন বাংলা বই-এর সন্ধান করছেন তাঁরা এসে নতুন বই দেখে কিনে নিয়ে যেতে পারেন। দিল্লিতে একমাত্র বাংলা বই-এর দোকান মুক্তধারা।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের ওয়েবসাইট www.bengalassociation.com থেকেও বইএর নাম ও দাম দেখে আমাদের অর্ডার করতে পারেন। যৎসামান্য ডেলিভারি চার্জের বিনিময়ে আপনার বই আমরা আপনার ঠিকানায় পৌঁছে দেবার জন্য প্রস্তুত।

ফোন করুন অথবা চলে আসুন সকাল ১১টা থেকে ৬টার মধ্যে। ঠিকানা : ১৮-১৯ ভাই বীরসিং মার্গ, গোল মার্কেট, নিউ দিল্লি - ১১০০০১। আমাদের বই-এর দোকান শুধুমাত্র রবিবার বন্ধ থাকে।

বই কিনুন, বই পড়ুন

বই উপহার দিন।

মুক্তধারা পুস্তক বিপনী

